15

দৈনিক সংবাদ

তারিখ 18 JUN 1997
পৃষ্ঠা ১ কলাম ৬

কৃষি বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ, কক্ষ ভাঙচুর

ময়মনসিংহ, ১৭ই জুন (জেলা বার্তা পরিবেশক)।- আজ মঙ্গলবার দুপুরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে দু'দফা সংঘর্ষ, ধাওয়া-পাল্টা ধাওয়া ও গুলিবর্ষণের ঘটনায় কমপক্ষে ১০ জন আহত হয়। এছাড়া বিভিন্ন হলে অর্ধশতাধিক কক্ষ তছনছ ও ভাঙচুর হয়েছে। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। দু'গ্রুপ দু'টি হলে সশস্ত্র অবস্থান নিয়েছে। যে কোন মুহূর্তে বড় ধরনের সংঘর্ষের আশংকায় সাধারণ ছাত্রদের' অনেকেই ইতোমধ্যে ক্যাম্পাস ত্যাগ করে শহরে আশ্রয় নিয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল দুপুরে

সংঘর্ষ ঃ পৃঃ ১১ কঃ ৬

## সংঘর্ষ ঃ কৃষি বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

টিএসসিতে চেয়ারে বসাকে কেন্দ্র করে সংঘর্ষের সূত্রপাত হয়। ছাত্রলীগ বাকৃবি শাখার সহ-সভাপতি আরিফ গ্রুপের হিমালয়, রুবেল ও বাতেন টিএসসির কক্ষে চেয়ারে বসে ছিল সভাপতি সালাম গ্রুপের আকিক ও মজনুর নেতৃত্বে কয়েকজন তাদেরকে চেয়ার থেকে উঠিয়ে দেয়। এনিয়ে উভয় গ্রুপের মধ্যে প্রথম কথা কাটাকাটি হয়। পরে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। প্রায় আধা ঘন্টাব্যাপী এই সংঘর্ষে কমপক্ষে ৭ জন আহত হয়। সালাম গ্রুপ ক্যাম্পাসে একটি মিছিল ও সমাবেশ করে। এক পর্যায়ে মিছিল থেকে ৪/৫ রাউন্ড গুলিবর্ষণ করা হয়। সমাবেশে নেতৃবৃন্দ সংগঠনবিরোধী কার্যকলাপের জন্য কয়েকজনের বিরুদ্ধে অবিলম্বে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে ঘোষণা করেন।

সালাম-চন্দন গ্রুপের কর্মীরা সোহরাওয়ার্দী হল, শাহজালাল হল ও আশরাফুল হক হলসহ বিভিন্ন হলের প্রতিপক্ষের কর্মীদের অর্ধশতাধিক কক্ষ ব্যাপকভাবে তছনছ ও ভাঙচুর করে। এর পরপরই সালাম-চন্দন গ্রুপ শামসুল হক হলে ও আরিফ গ্রুপ সোহরাওয়ার্দী হলে সশস্ত্র অবস্থান নেয়। সন্ধ্যায় দু'হল থেকে প্রায় অর্ধশতাধিক রাউন্ড গুলি বিনিময় হয়েছে। এতে নির্ঝর নামে সালাম গ্রুপের একজন কর্মী গুলিবিদ্ধ হয়। তাকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতাল সূত্রে জানা যায়, কৃষি বিশ্ববিদ্যালয়ের ঘটনায় এ পর্যন্ত ৫ জন হাসপাতালে ভর্তি হয়েছে। এরা হলো নান্নু, বাতেন, আকিক, মজনু ও নির্ঝর।

জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সহ-সভাপতি মোতাহার হোসেন তালুকদার ও বাকৃবির ছাত্রদল নেতা শামসুল আলম তোফা এক বিবৃতি ক্যাম্পাসে সংঘর্ষের ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, গতকালের ঘটনা এটাই প্রমাণ করেছে যে, কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নেই।